

বিস্তির সব কেমন গোলমেলে লাগে

বিস্তি অঙ্গরা হয়েও ঘরসংসারের কাজ সবই পারে  
কিন্তু আঙ্গিনের বাতাস যখন সেগুনমঞ্জুরীতে দোলা দেয়  
যখন রোদের মধ্যেই একপশলা বৃষ্টির তীর  
মাটিতে পড়ে গিয়ে গেঁথে যায়  
যখন কাজল কিংবা জুহিচাওলা  
মালভূমির ওপর ঘাসের বনবা সরষে খেতে  
কাঁধের দুপাশে ওড়না উড়িয়ে  
সারসের মতো উড়ে যায়  
বিস্তির মন কেমন করে

বিস্তির সব কেমন গোলমেলে লাগে  
অঙ্ক কষবে না, আর কিছুতেই অঙ্ক কষবে না ভেবে ভেবে  
বেহিসেবী হতেই  
তার স্বপ্নের মধ্যে দুটো ত্রিকোণমিতি,  
তিনটে জ্যামিতির উপপাদ্য,  
আর পাঁচটা সুদকষা, হুঁশ করে ঢুকে এল  
বিস্তিকে এখন স্বপ্নের নীল আলোয়  
চোখ জ্বালিয়ে চন্দ্রবৃদ্ধি, লাভক্ষতি,  
বর্গক্ষেত্র ত্রিভুজের হিসেব কষতে হচ্ছে  
চিং হয়ে আলাভোলা শিবের মতো যে ঘুমোচ্ছে  
ও কে? বিস্তির স্বামী না ক্লান্ত কিন্নর?

পার্থপ্রিয় বসু

